দৈনিক বাংলা

তারিখ 17 SEP 1983
পৃষ্ঠা ৮ কলাম ৬

১৬৯

# শিক্ষা প্রতিষ্ঠানে সংঘর্ষঃ ৭৫ দিনে ১১ জন ছাত্র নিহতঃ আহত ৩৯৮

(স্টাফ রিপোর্টার)

গত পঁচাত্তর দিনে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৫৮টি সংঘর্ষে এগারজন ছাত্র নিহত এবং তিন শত ৯৮ জন আহত হয়েছে। ছাত্র সংঘর্ষের ফলে এ সময়ে ২৭টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের বেশির ভাগ পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে দেয়া অথবা বন্ধ করে দেয়া হয়।

এক জরিপে এই তথ্য প্রকাশ পেয়েছে। পত্র-পত্রিকায় প্রকাশিত খবরের ভিত্তিতে গণ উন্নয়ন গ্রন্থাগারের পক্ষ থেকে এই জরিপ চালানো হয়। জরিপ পরিচালনা করেন গ্রন্থাগারের কর্মী হানিফ সরকার।

জরিপ রিপোর্টে আশংকা প্রকাশ করা হয় যে, শিক্ষাঙ্গনের সন্ত্রাস বন্ধ করাতে না পারলে এক সময় সকল শিক্ষা প্রতিষ্ঠান সন্ত্রাসকারীদের হাতে চলে যেতে পারে।

জরিপে বলা হয়ঃ অনেক

(৩-এর পৃঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিষ্ঠানে

(১ম পৃঃ পর)

শিক্ষা প্রতিষ্ঠান সন্ত্রাসকারীদের হাতে জিম্মি হয়ে আছে। হাজার হাজার শিক্ষার্থীর শিক্ষাজীবন অনিশ্চয়তার মধ্যে চলে গেছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী শিক্ষক এবং কর্মচারীরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। ছাত্র-ছাত্রীদের অভিভাবকরাও আতংকের মাঝে দিন কাটাচ্ছেন। এক কথায় শিক্ষা ব্যবস্থাই একটি চ্যালেঞ্জের মুখোমুখি।

জরিপে আরও বলা হয়, এ সমস্যা মোকাবেলায় শুধু শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসন যথেষ্ট নয়।